**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এমন পরিবেশের প্রতি সচেতন এবং সংবেদনশীল, জীবনধারা গ্রহনের উপর জোর দিয়েছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে রুপায়িত কেন্দ্রীয় প্রকল্পগুলির কাজ গুণমান বজায় রেখে নির্দিষ্ট সময়সীমার মধ্যে শেষ করতে হবে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন।**

**(৪) যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ সন্ধ্যায় কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে সীমান্ত এলাকা কার্যক্রমের সূচনা করেন।**

**************************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এমন একটি জীবনধারা গ্রহণের উপর জোর দিয়েছেন যা পরিবেশের প্রতি সচেতন এবং সংবেদনশীল, যাতে পরিবেশ কেবল সুরক্ষিতই না হয় বরং আরও প্রাণবন্তও হয়। আজ নতুনদিল্লির বিজ্ঞান ভবনে পরিবেশ বিষয়ক জাতীয় সম্মেলন-২০২৫ উদ্বোধন করে রাষ্ট্রপতি একথা বলেন। ন্যাশনাল গ্রীন ট্রাইব্যুনাল কর্তৃক দু'দিনের এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাষ্ট্রপতি আরও বলেন যে, সকলের সচেতনতা এবং সম্মিলিত প্রচেষ্টার ভিত্তিতে অব্যাহত সক্রিয়তার মাধ্যমেই পরিবেশ সুরক্ষা এবং এর প্রচার সম্ভব হবে। তিনি বলেন, আগামী প্রজন্মকে একটি পরিষ্কার পরিবেশের উত্তরাধিকার প্রদান করা আমাদের নৈতিক দায়িত্ব।

অনুষ্ঠানে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেন, ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনকারী দেশ এবং ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য জ্বালানি ক্ষমতা অর্জনের লক্ষ্য নির্ধারণ করেছে। তিনি বলেন, ভারত কেবল কার্বন হ্রাস করার দিকেই মনোনিবেশ করছে না বরং সবুজ শক্তি ক্ষেত্রের মাধ্যমে লক্ষ লক্ষ কর্মসংস্থান তৈরির দিকেও মনোনিবেশ করছে।

অনুষ্ঠানে, সুপ্রিম কোর্টের বিচারপতি বিক্রম নাথ জোর দিয়ে বলেন যে সরকারি নীতিমালায় সবুজ প্রযুক্তিকে উৎসাহিত করা উচিত এবং শিল্পগুলিকে তাদের পরিবেশগত পদক্ষেপ সম্পর্কে সচেতন থাকতে হবে। এনজিটি চেয়ারপারসন বিচারপতি প্রকাশ শ্রীবাস্তবও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

*************************

**Disha Committee-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে কেন্দ্রীয় প্রকল্পগুলির কাজ গুণমান বজায় রেখে নির্দিষ্ট সময়সীমার মধ্যে শেষ করতে হবে। প্রকল্প রূপায়ণকারী সংস্থাগুলিকে এক্ষেত্রে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা স্থির করে কাজ করা আবশ্যক। আজ সচিবালয়ে অনুষ্ঠিত রাজ্যস্তরীয় দিশা কমিটির সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। সভায় রাজ্যে চালু কেন্দ্রীয় প্রকল্পগুলির বর্তমান অবস্থা, অগ্রগতি, ভবিষ্যৎ পরিকল্পনা ও নতুন উদ্যোগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং জানান, ২০২১-২২ অর্থবর্ষ থেকে এখন পর্যন্ত রাজ্যে প্রধানমন্ত্রী আবাস যোজনায়, গ্রামীনে ৩ লক্ষ ৭৬ হাজার ঘর অনুমোদিত হয়েছে। এরমধ্যে ৩ লক্ষ ৬৮ হাজার ঘর নির্মাণের কাজ শেষ হয়েছে। পিএম-জনমন প্রকল্পে রাজ্যে অনুমোদিত ১৭ হাজার ২৪১টি ঘরের মধ্যে ৮ হাজার ৯০৭টি অর্থাৎ ৫১ শতাংশ ঘর নির্মাণের কাজ শেষ হয়েছে। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে চলতি অর্থবর্ষে ১ হাজার ১৬২টি স্বসহায়ক দল গঠন ও পুনরুজ্জীবিত করা হয়েছে। ১ লক্ষ ১৪ হাজার লাখপতি দিদি করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

পূর্ত দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে জানান, স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) ২.০ প্রকল্পে রাজ্যের ৭৪৭টি গ্রামকে ইতিমধ্যেই মডেল ভিলেজ হিসাবে ঘোষণা করা হয়েছে। জল জীবন মিশন চালু হওয়ার পর থেকে চলতি বছরের জানুয়ারি মাস পর্যন্ত রাজ্যের গ্রামীণ এলাকার ৬ লক্ষ ৪২ হাজার ১৫৮টি পরিবারে নলের মাধ্যমে পানীয়জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে। স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে জানান, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যের ১৫ লক্ষ ৭২ হাজার জন এবং মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৪ লক্ষ ৯৪ হাজার জন আয়ুষ্মান কার্ড পেয়েছেন।

সভায় উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক কিশোর বর্মন, বিধায়ক বীরজিৎ সিংহ, মনোজ কান্তি দেব, শৈলেন্দ্র চন্দ্র নাথ, প্রধান মুখ্য বন সংরক্ষক আর. কে. সামাল প্রমুখ।

******************************

**Agriculture Minister–Sepahijala :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, বিগত সাত বছরে রাজ্যে ১৯ হাজার হেক্টর জমি জৈব চাষের আওতায় আনা হয়েছে। আজ সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জের আমতলীতে আনারস প্রক্রিয়াকরন কেন্দ্রের উদ্বোধন করে তিনি একথা বলেন। মিশন অর্গানিক ভ্যালু চেইন ডেভলাপমেন্ট ফর নর্থ–ইস্টার্ন রিজিয়ন প্রকল্পের আওতায় গড়ে উঠেছে এই প্রক্রিয়াকরণ কেন্দ্রটি। অনুষ্ঠানে উপস্থিত সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, সহকারী সভাধিপতি পিন্টু আইচ।

******************************

**Agriculture Minister–Lefunga :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ লেফুঙ্গা ব্লকে ফার্মার প্রোডিউসার কোম্পানি তুইবুংমার জৈব চাষের এলাকা পরিদর্শন করেন এবং চাষাবাদ সম্পর্কে অবহিত হন। তিনি জানান, লেফুঙ্গায় আনারস প্রক্রিয়াকরণ কেন্দ্র গড়ে তোলার জন্য ১৮ লক্ষ ৭৫ হাজার টাকা ও কালেকশন সেন্টারের জন্য ১১ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

****************************

**Book Fair-Dharmanagar :**

আগামী ১৯শে এপ্রিল থেকে ধর্মনগরে ৫ দিনব্যাপী বইমেলা শুরু হবে। মেলায় প্রতিদিন থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান, কবি সম্মেলন, কবি সাহিত্যিকদের আলোচনাসভা। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে বইমেলার আয়োজন করা হবে। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের উদ্যোগে আজ উত্তর জেলার জেলাশাসক কার্যালয়ে বইমেলার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২০তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও

দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

****************************

**Border Area Programme :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ সন্ধ্যায় কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে সীমান্ত এলাকা কার্যক্রমের সূচনা করেন। পূর্বোত্তর সংস্কৃতি কেন্দ্র বা N.E.Z.C.C এবং তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই কার্যক্রমে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার সুধাম্বিকা আর, B.S.F এর 199 ব্যাটেলিয়নের কমান্ডেন্ট অতুল সাইনি প্রমুখ। মধ্যপ্রদেশ, উড়িষ্যা, আসাম থেকে সাংস্কৃতিক দল এই কার্যক্রমে অংশ নিয়েছে।

*****************************

**Gajon Package Story :**

বাঙ্গালীর বার মাসের তের পার্বণের শেষ পার্বণ চড়কপূজা বা গাজন উৎসব, তবে আধুনিকতার আশীর্বাদে দিন বদলেছে। বদলেছে গাজনের কিছু আচার অনুষ্ঠানও, তবুও বদলায়নি লোকবিশ্বাস আর পার্বণের আকর্ষণ। এই সংস্কৃতিকে বাঁচিয়ে রেখেছেন অনেক গাজন সন্ন্যাসী। এই নিয়েই একটি প্রতিবেদন।

#########Sound Package#######

************************************

**CPIM Rally-Manpathar Bazar :**

দক্ষিন জেলার মনপাথর বাজারে সি.পি.আই.এম-এর উদ্যোগে আজ বিক্ষোভ মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সি.পি.আই.এমের দক্ষিণ জেলা কমিটির ভারপ্রাপ্ত সম্পাদক মিহির পাটারী ও প্রাক্তন এমডিসি পরীক্ষিত মুড়াসিং। তারা রাজ্য সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করেন।

****************************

**C.P.I(M) :**

C.P.I(M) এর কৈলাশহর মহকুমা কমিটির পক্ষ থেকে আজ ঊনকোটি জেলার জেলা শাসক এর কাছে পাঁচ দফা দাবিপত্র পেশ করা হয়। দাবিগুলোর মধ্যে রয়েছে, বন্যা নিয়ন্ত্রণের চলমান কাজগুলির গুনগতমান বজায় রাখা, সমস্ত স্ল্যুইস গেট পরিষ্কার ও মেরামতির ব্যবস্থা করা,জল নিষ্কাশনের পাম্পগুলির মেরামত সাধন ইত্যাদি। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, সিপিআইএম-এর রাজ্য কমিটির সদস্য বিশ্বরূপ গোস্বামী, মহকুমা সম্পাদক অঞ্জন কুমার রায়, নারীনেত্রী আনোয়ারা বেগম প্রমুখ।

******************************

**Congress :**

কৈলাশহর ব্লক কংগ্রেস কমিটির পক্ষ থেকে আজ স্থানীয় পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিকের কাছে আট দফা দাবিতে স্মারকলিপি পেশ করা হয়। দাবিগুলির মধ্যে ছিল,পুর পরিষদের সম্পদ করের হার হ্রাস করা, গলি রাস্তাগুলো মেরামত করা,পুর এলাকার নালা-নর্দমাগুলি পরিষ্কার করা ইত্যাদি। উপস্থিত ছিলেন পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান, ব্লক কংগ্রেস সভাপতি আশিষ সেনগুপ্ত প্রমুখ।

*******************************

**Basanta Utsav :**

আগরতলার কুমারিটিলাস্থিত বি টি কলেজের প্রাকৃতিক উদ্যানে আগামীকাল রাজ্যভিত্তিক বসন্ত উৎসব অনুষ্ঠিত হবে। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল এ খবর জানিয়েছেন।

****************************

**Knockout Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে হার্ভে ক্লাব সুপার ওভারে চলমান সংঘকে, নরসিংগড়ের টি আই টি মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ৭ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে এবং পিটিএ মাঠে মৌচাক ক্লাব ২৩ রানে পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দুই এক জায়গায় গরম এবং বাতাসে আদ্রতার পরিমান বেশি থাকার সতর্কতা জারি করা হয়েছে।

**************************